গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৩৭.১৮.০১২.১৮-২৩৯

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৭ / ২৪ আগস্ট ২০২০

বিষয়: ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের আবেদনপত্র প্রেরণ

সূত্র: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পত্র নম্বর-০৪৫, তারিখ: ১২/০৮/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক বিসিএস (প্রশাসন) ক্যাডারের প্রার্থীদের ১৯/০৮/২০২০ থেকে ১৬/০৯/২০২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনপত্রের প্রিন্টেড ০১(এক) কপি এ মন্ত্রণালয়ের মাধ্যমে এবং ০১(এক) কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী **০৫/১০/২০২০** তারিখের মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তার অধীনস্থ কর্মকর্তাদের আবেদন পত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক **আগামী ২৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে** বিশেষ বাহক মারফত জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১(এক) পাতা

২৪/০৮/২০২০
(কে.এম. আল-আমীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫৫৯
fa1@mopa.gov.bd

১। কমিশনার, ........................................................।
২। জেলা প্রশাসক,...................................................।

**অনুলিপি:**

সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.১০৪.০৩৯.০০.০৪.০২.২০২০- ৪৫(২)    তারিখঃ ১২ .০৮.২০২০

**বিষয়ঃ ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।**

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন- ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/ অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার এবং শ্রম অধিদপ্তরের (শ্রম শাখা) কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহের পরিদর্শন অধিদপ্তরের কারিগরি / অকারিগরি] কর্মকর্তাদের ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এ পরীক্ষা ডিসেম্বর, ২০২০ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ১৯ আগষ্ট ২০২০ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র[সফট কপি] নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ১ কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ০৫ অক্টোবর ২০২০ তারিখ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

**বিশেষ দ্রষ্টব্যঃ যে সকল কর্মকর্তাকে নন- ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/ প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল গণ্য করা হবে।**

২. অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল সম্বলিত আবেদনপত্র ( হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. উপরিউক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুযায় ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪. উল্লেখ্য, কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র [কারণ যাই হোক] বিবেচনা করা হবে না এবং প্রবেশপত্র [ছবি সম্বলিত ডাউনলোডকৃত] ব্যতীত কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তির ১ (এক) কপি।

[মুহাম্মদ নজরুল ইসলাম]
পরিচালক [উপসচিব]

| | |
|---|---|
| ১ | সচিব,<br>জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

m/nizam/DI Exa.Ist2007-A 251

ডাইরি নং- ২২৭২
তারিখঃ 17 AUG 2020
অতিরিক্ত সচিব/উন্নয়ন
অতিঃসচিব (এপিডি/সিপিটি)
অতিঃসচিব (প্রশাসন/বাঃবাঃ)
অতিঃসচিব (শৃঙ্খলা/আইন)
অতিঃসচিব (সওব্য/বিধি)
অতিঃসচিব (বিভাগ/মামলা)
পিএস
সচিব

ডাইরী নং- ৭৫৪
তারিখ- ২৪/৮/২০
যুগ্মসচিব/উপসচিব (উনি)
উপসচিব (উনি-১/৩)
যুগ্মসচিব/উপসচিব(মাপ্র/অঃ ও ননি)
উপসচিব (মাপ্র-২)
উপসচিব (ননি)
যুগ্মসচিব/উপসচিব (প্রেষণ ও চুক্তি)
উপসচিব (প্রেষণ-১)
উপসচিব (চুক্তি ও বৈনি)
অতিঃ সচিব (এপিডি)